

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৬৪৬

তেলিয়ামুড়া, ২৯ অক্টোবর, ২০২৪

ত্রিপুরা শহুরি আজীবিকা মিশন

তেলিয়ামুড়া পুরপরিষদ এলাকায় সচেতনতা ও মেগা ঋণদান শিবির

তেলিয়ামুড়ার চিত্রাঙ্গদা কলাকেন্দ্রে আজ এরিয়া লেভেল ফেডারেশন ও স্বসহায়ক দলের সদস্য সদস্যদের নিয়ে এক সচেতনতা ও মেগা ঋণদান শিবির অনুষ্ঠিত হয়। ত্রিপুরা শহুরি আজীবিকা মিশন এবং তেলিয়ামুড়া পুরপরিষদের উদ্যোগে এই শিবিরের আয়োজন করা হয়। শিবিরের উদ্বোধন করেন বিধানসভার সরকারি মুখ্য সচেতক বিধায়ক কল্যাণী সাহা রায়। উপস্থিতি ছিলেন তেলিয়ামুড়া পুরপরিষদের চেয়ারপার্সন রূপক সরকার, পুরপরিষদের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক পরিমল মজুমদার, উপমুখ্য কার্যনির্বাহী আধিকারিক অমিত রায় চৌধুরী, ত্রিপুরা শহুরি আজীবিকা মিশনের স্টেট মিশন ম্যানেজার অসীম কুমার দাস প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পুরপরিষদের ভাইস চেয়ারপার্সন মধুসূদন রায়। শিবিরের উদ্বোধন করে ত্রিপুরা বিধানসভার মুখ্য সচেতক বিধায়ক কল্যাণী সাহা রায় বলেন, মাতৃশক্তি স্বনির্ভর হলে সমাজও স্বনির্ভর হয়। গ্রামীণ অর্থনীতির বিকাশ ও মহিলাদের স্বনির্ভর করে তুলতে সরকার স্বসহায়ক দলের সদস্যদের আত্মনির্ভর করে তোলার জন্য বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপমুখ্য কার্যনির্বাহী আধিকারিক অমিত রায় চৌধুরী। শিবিরে তেলিয়ামুড়া পুরপরিষদের অধীনে ৭টি স্বসহায়ক দলকে ১৩ লক্ষ ১০ হাজার টাকা ঋণের চেক তুলে দেওয়া হয়। তাছাড়া ত্রিপুরা শহুরি আজীবিকা মিশন থেকে ৩ জনকে ই-রিস্কা দেওয়া হয়েছে। পিএম-স্বনির্ধি প্রকল্পে ৪০ জন স্ট্রিট ভেঙ্গারকে ১টি করে বড় ছাতা ও ৩ জন ক্ষুদ্র ব্যবসায়ীকে ঋণ দেওয়া হয়।

\*\*\*\*\*